# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ১৫. শূকরপালের গণ-আত্মহত্যা কোথায় ঘটেছিল

মথি ৮ অধ্যায়ে লেখেছেন যে, যীশু গালীল সাগরের পশ্চিম-উত্তর তীরবর্তী কফরনাহূম গ্রামে বিভিন্ন অলৌকিক কর্ম সম্পাদন করার পর (মথি ৮/১-২২) গালীল সাগর বা তিবরিয়া হ্রদের অপর (পূর্ব) পাড়ে গমন করেন এবং সেখানে দু'জন পাগলকে সুস্থ করেন এবং বৃহৎ একটা শূকর পালের সকল শূকরকে সাগরে আত্মহত্যার ব্যবস্থা করেন। (মথি ৮/২৮-৩৪)। মার্ক ও লূকও একই ঘটনা একইভাবে লেখেছেন, কিছু বৈপরীত্যসহ (মার্ক ৫/১-১৮; লূক ৮/২৬-৩৯)।

মথির বর্ণনায় পাগলের সংখ্যা দু'জন কিন্তু মার্ক ও লূকের বর্ণনায় একজন (মথি ৮/২৮; মার্ক ৫/১-২০; লূক ৮/২৬-৩৯)। যীশু পাগলটি/ পাগলগুলোর মধ্যের ভূতদের বা বদ-রূহদের চলে যেতে নির্দেশ দেন। তখন ভূতেরা পাগল/ পাগলদ্বয় থেকে বেরিয়ে শূকরগুলোর মধ্যে প্রবেশের অনুমতি চায়। যীশুর অনুমতিক্রমে ভূতগণ শূকর-পালে প্রবেশ করে এবং কমবেশি দু' হাজার শূকর 'মহাবেগে ঢালু পাড় দিয়ে দৌড়ে গিয়ে সাগরে পড়ল ও পানিতে ডুবে মারা গেল। তখন পালকেরা/ যারা পাল চড়াচ্ছিল তারা পালিয়ে গেল।'' (মথি ৮/৩২-৩৩: মার্ক ৫/১১-১৭; লূক ৮/৩২-৩৪)

পাগলের সংখ্যা ছাড়াও স্থান বর্ণনায় তাঁদের মধ্যে বৈপরীত্য রয়েছে। কেউ লেখেছেন গাদারীয়দের দেশে (Gadara) এবং কেউ লেখেছেন গেরাসেনীয়দের দেশে (Gerasa)। মথি লেখেছেন: ''পরে তিনি পরপারে গাদারীয়দের দেশে (RSV: country of the Gadarenes) গেলে দুই জন ভূতগ্রস্ত লোক কবরস্থান হইতে বাহির হইয়া তাঁহার সম্মুখে উপস্থিত হইল...'' (মথি: ৮/২৮)

মার্ক ও লূক লেখেছেন যে, গেরাসেনীয়দের দেশে ঘটে। মার্ক লেখেছেন: ''পরে তাঁহারা সমুদ্রের ওপারে গেরাসেনীদের দেশে (RSV: country of the Gerasenes) উপস্থিত হইলেন। তিনি নৌকা হইতে বাহির হইলে তৎক্ষণাৎ এক ব্যক্তি কবর-স্থান হইতে তাঁহার সম্মুখে আসিল, তাহাকে অশুচি আত্মায় পাইয়াছিল..।'' (মার্ক ৫/১-২)

আর লূক লেখেছেন: ''পরে তাঁহারা গালীলের পরপারস্থ গেরাসেনীদের অঞ্চলে পঁহুছিলেন। আর তিনি স্থলে নামিলে ঐ নগরের একটা ভূতগ্রস্ত লোক সম্মুখে উপস্থিত হইল.. সে... কবরে থাকিত..।'' (লূক ৮/২৬-২৭)

গেরাসা ও গাদারা শহরদ্বয়ের মধ্যে প্রায় ৪০ কিলোমিটারের দূরত্ব। এ বৈপরীত্য ছাড়াও এখানে অন্য সমস্যা বিদ্যমান। গেরাসা এবং গাদারা উভয় শহরই গালীল সাগর থেকে অনেক দূরে। গেরাসা ৫০ কি. মি. ও গাদারা ১০ কি. মি.। শূকরগুলোকে মহাবেগে সাগরে পড়তে প্রায় ৫০ কিলোমিটার বা অন্তত ১০ কিলোমিটার দৌড়াতে হয়েছিল!

অধিকাংশ বাইবেল বিশেষজ্ঞ একমত যে, চার ইঞ্জিলের মধ্যে মার্কের ইঞ্জিল প্রাচীনতম। মথি ও লূক মার্কের উপর নির্ভর করেছেন। বাইবেল গবেষকরা বলেছেন যে, গল্পটাকে গ্রহণযোগ্য করতে মার্কের 'গেরাসা' নামটাকে

সংশোধন করে মথি ‘গাদারা’ লেখেছেন। এতে দূরত্ব ৪০ কিলোমিটার কমলেও সমস্যার সমাধান হয়নি।

‘গেরাসেনীয় পাগলের ভূত তাড়ানো’ (Exorcism of the Gerasene demoniac) প্রবন্ধে উইকিপিডিয়া লেখেছে:

“The earliest account is from the Gospel of Mark… The Gospel of Luke version shortens this but retains most of the details. The author of the Matthew Gospel shortens the story more dramatically and turns the possessed man into two men; the location is also changed, from the territory of the Gerasenes to that of the Gadarenes. The story appears to be set close to the Sea of Galilee, but neither Gadara nor Gerasa is nearby; Gerasa is around 50km South East and Gadara 10km away, about a three hour walk. … Scholars have identified at least two notable divergences between the two accounts. Number of locations: The ancient manuscripts report more than one location for the exorcism: Gadara (Gadarenes), Gerasa (Gerasenes), and Gergesenes…. One explanation is that Matthew is attempting to correct the Mark account, substituting Gadara - a larger city, and closer to the Sea of Galilee - for Gerasa: details that would make more sense to his audience, who would be familiar with the region. The city of Gerasa (also known as Jerash) had been a major city-center since its founding by Alexander the Great, or one of his generals, in 331 BC. During the Roman period, it was one of the ten cities known as the Decapolis (literally, 'Ten Cities'). Number of demoniacs: The gospel accounts differ on the number of possessed men; while the Gospel of Luke version retains the one man in the Mark account, the Gospel of Matthew version of the story changes this to two men. This is particular characteristic of the writing style of the author of Matthew.”

“এ বিষয়ে প্রাচীনতম বর্ণনা পাওয়া যায় মার্কের ইঞ্জিল থেকে। … লূকের ইঞ্জিলের ভাষ্যে ঘটনাটা সংক্ষিপ্ত করা হলেও মূল বিবরণ প্রায় সব রেখে দেওয়া হয়েছে। মথির ইঞ্জিলের লেখক অনেক বেশি নাটকীয়ভাবে গল্পটাকে সংক্ষেপ করেছেন এবং ভূতগ্রস্ত মানুষ একজন থেকে দু’জন বানিয়েছেন। ঘটনার স্থানও পরিবর্তন করা হয়েছে গেরাসেনীয়দের দেশ থেকে গাদারীয়দের দেশে। গল্পটা থেকে প্রতীয়মান যে, তা গালীল সাগরের সন্নিকটে ঘটেছিল বলে সাজানো। কিন্তু গারাদা এবং গেরাসা কোনোটাই গালীল সাগরের নিকটবর্তী নয়। গেরাসা প্রায় ৫০ কিলোমিটার দক্ষিণ-পূর্ব দিকে এবং গাদারা ১০ কিলোমিটার দূরে, হেঁটে প্রায় তিন ঘণ্টার পথ। … এ গল্পের বর্ণনায় গবেষকরা কমপক্ষে দুটো লক্ষণীয় বৈপরীত্য চিহ্নিত করেছেন (স্থানের সংখ্যা ও পাগলের সংখ্যা)। স্থানের সংখ্যায় প্রাচীন পাণ্ডুলিপিগুলো এ ভূততাড়ানোর স্থান হিসেবে একাধিক স্থান উল্লেখ করেছে: গাদারা (গাদারীয়), গেরাসা ( গেরাসেনীয়) এবং গেরজাসেনীয়। … একটা ব্যাখ্যা এই যে, মথি মার্কের ভুল সংশোধনের চেষ্টা করেছেন। এজন্য তিনি গেরাসা-এর পরিবর্তে গাদারা লেখেছেন। গাদারা অপেক্ষাকৃত বড় শহর এবং গালীল সাগরের অপেক্ষাকৃত নিকটবর্তী। তাঁর শ্রোতারা যারা এ অঞ্চল চিনতেন তাদের জন্য এ বর্ণনা অপেক্ষাকৃত অধিক কা-জ্ঞান-সম্মত বলে গণ্য হবে বলে তিনি মনে করেছেন। গেরাসা (জেরাশ নামেও পরিচিত) শহরটা আলেকজান্ডার বা তার এক সেনাপতি খ্রিষ্টপূর্ব ৩৩১ অব্দে প্রতিষ্ঠা করেন। তখন থেকেই এটা সে অঞ্চলের প্রধান শহর হিসেবে প্রসিদ্ধ ছিল। রোমান রাজত্বকালে এটা ‘ডেকাপোলিস’ বা ‘দশ শহর’ হিসেবে খ্যাত শহরগুলোর

একটা ছিল। ভূতগ্রস্তদের সংখ্যার বৈপরীত্য: ভূতগ্রস্ত ব্যক্তিদের সংখ্যার বিষয়ে ইঞ্জিলগুলোর বর্ণনা পরস্পর বিরোধী। মার্ক একজন পাগলের কথা লেখেছেন এবং লূক তা ঠিক রেখেছেন। মথির লেখক তা পরিবর্তন করে দুজন পাগলের কথা লেখেছেন। এটা (ঘটনার নাটকীয়তা ও সংখ্যা বৃদ্ধি করা) মথির রচনা শৈলীর বিশেষ বৈশিষ্ট্য।"[1]

বিশ্বাসীর জন্য সহজ সমাধান আনুমানিক কল্পনা। সম্ভবত গারাদা ও গেরাসা নামে অন্য কোনো শহর গালীল সাগরের পাড়েই ছিল!

Kenneth Humphrey লেখেছেন:

"Matthew was aware of Mark's gross error of geography: the reference to Gerasa (Jerash), which was more than forty miles from Lake Tiberias. In his revision, Matthew switched to "country of the Gadarenes". But even Gadara (Umm Qais) was eight miles from the lake! As a result, vexed scribes sometimes amended Matthew to read "country of the Gergesenes", a scribal invention that disguised the problem by ambiguity. Was "Gerges" somewhere east of the lake? That same ambiguity is found in Luke, with variants of Gerasenes, Gadarenes, and Gergesenes. Only the writers of the gospel of John found the perfect solution – they omitted the piggy story entirely!"

"গেরাসার উল্লেখ যে মার্কের ভয়ঙ্কর ভৌগলিক ভ্রান্তি সে বিষয়ে মথি সচেতন ছিলেন। কারণ এ শহরটা তিবরিয়া হ্রদ থেকে ৪০ মাইলেরও বেশি দূরে। এজন্য মথি তাঁর নিজের পাঠে এটাকে পরিবর্তন করে লেখেছেন: গাদারীয়দের দেশে। কিন্তু গাদারাও হ্রদ থেকে ৮ মাইল দূরে। এ কারণে বিব্রত লিপিকাররা কখনো মথির পাঠ সংশোধন করে অস্পষ্টতার মধ্যে সমস্যা গোপন করার জন্য লেখেছেন 'গেরজেসেনীয়দের দেশ'। 'গেরজেস' নামে কোনো জনপদ কি হ্রদের পূর্বপার্শ্বে ছিল? একই রকমের অস্পষ্টতা পাওয়া যায় লূকের মধ্যে। বিভিন্ন পাণ্ডুলিপিতে গেরাসেনীয়, গাদারীয়, গেরজেসেনীয় ইত্যাদি ভিন্ন ভিন্ন পাঠ পাওয়া যায়। শুধু যোহনের ইঞ্জিলের লেখকরা সঠিক সমাধান পেয়েছিলেন। তারা শূকর কাহিনীটা একেবারেই বাদ দিয়েছেন।"[2]

## ফুটনোট

[1] আরো দেখুন: উইকিপিডিয়া: Umm Qais

[2] http://www.jesusneverexisted.com/galilee.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন